



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১১

তারিখঃ

৩০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৪৪ তম কমিশন সভা গত ১৪/১০/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

০১. রাষ্ট্রীয় মালিকানাধীন বিনিয়োগ প্রতিষ্ঠান ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পুঁজিবাজারে বিনিয়োগ, আর্থিক ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে কমিশন কর্তৃক আইসিবি'র আবেদন বিবেচনার পরিপ্রেক্ষিতে তাদের নিজস্ব পোর্টফোলিওতে ধারণকৃত শেয়ারের পুনঃমূল্যায়ন জনিত অনাদায়ী ক্ষতির (unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত বৎসর (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর) পর্যন্ত সময় প্রদানের বিষয়টি কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে।
০২. কমিশন সভায় Taufika Foods and Agro Industries Ltd. এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ০৩ (তিন) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৩০.০০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ফ্রিজ ক্রয়, যানবাহন ক্রয়, ডিপোতে বিনিয়োগ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে সেপ্টেম্বর, ২০১৯ তারিখে প্রথম প্রান্তিক নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) ১২.১৭ টাকা (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং শেয়ার প্রতি আয় (EPS) ১.২০ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Banco Finance and Investment Limited এবং Sandhani Life Finance Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহণ শুরু হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যূনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে চাঁদা গ্রহণের তারিখ জানুয়ারি, ২০২১ সময়ে নির্ধারিত হবে।

Rasman

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



০৩. কমিশন সভায় সরকারি সিকিউরিটিজে বিনিয়োগের উদ্দেশ্যে 'RBIMCO BGFI Fund' নামে একটি স্পেশাল পার্পাস বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড-এর ধারণাপত্র (Concept Paper) অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটি ৮০ শতাংশ সরকারি সিকিউরিটিজে এবং ২০ শতাংশ তালিকাভুক্ত সিকিউরিটিজে বিনিয়োগ করবে যা বাজার পরিস্থিতি বিবেচনায় সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত বর্ধিত করা যাবে। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক হিসেবে কাজ করছে রয়েল বেঙ্গাল ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এবং ব্রাক ব্যাংক লি।

Rheem
15-10-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র